



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/12/2022

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল কোভিড-19 পজিটিভ হওয়া নিউ ইয়র্কবাসীদের শিক্ষাদানের জন্য নতুন কোভিড-19 চিকিৎসার জনসচেতনতা ক্যাম্পেইন ঘোষণা করলেন

প্রায় 1 মিলিয়ন মার্কিন ডলারের মিডিয়া ক্যাম্পেইনটি নিশ্চিত করে যাতে সকল নিউ ইয়র্কবাসীর কাছে কোভিড-19 চিকিৎসার ব্যাপারে সর্বশেষ তথ্য থাকে

ইংরেজি এবং স্প্যানিশ বহু প্ল্যাটফর্মের বিজ্ঞাপনগুলি পজিটিভ হওয়া মানুষকে যত দ্রুত সম্ভব চিকিৎসা শুরু করতে উৎসাহিত করে

কোভিড-19 চিকিৎসার বিকল্পসমূহের ব্যাপারে আরো তথ্য পাওয়া যাবে [এখানে](#)

এটি গতকাল শুরু হওয়া [নতুন বিনামূল্যের চিকিৎসা হটলাইনের](#) ঘোষণার অনুবর্তী

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে যারা পরীক্ষায় কোভিড-19 পজিটিভ হবে এবং যাদের লক্ষণ রয়েছে তাদের চিকিৎসার বিকল্পসমূহের ব্যাপারে একটি নতুন জনসচেতনতা ক্যাম্পেইন শুরু করা হয়েছে। আনুমানিক 1 মিলিয়ন মার্কিন ডলারের সচেতনতা ক্যাম্পেইনটি টিভি, রেডিও এবং ডিজিটাল মিডিয়ায় ইংরেজি ও স্প্যানিশ ভাষায় চলবে, যা নিউ ইয়র্কবাসীকে আগে আগে কোভিড-19 পরীক্ষা করতে এবং পজিটিভ হলে যত দ্রুত সম্ভব চিকিৎসা শুরু করতে উৎসাহিত করে। মিডিয়া রোলআউটটি সকল নিউ ইয়র্কবাসীকে কোভিড-19 চিকিৎসার এবং কীভাবে তারা নিজেদেরকে মারাত্মক অসুস্থ হওয়া থেকে বাঁচাতে পারবে সে ব্যাপারে শিক্ষাদান করতে প্রশাসনের প্রতিশ্রুতিকে আর পাকাপোক্ত করে।

"আমরা মহামারী পার নিউ ইয়র্কবাসীকে সুরক্ষিত রাখার আমাদের চলমান প্রচেষ্টার বিকাশ করতে থাকবো," **গভর্নর হোকল বলেন।** "চিকিৎসা কোভিড-19 লক্ষণ হ্রাস করার এবং মারাত্মক অসুস্থতা প্রতিরোধের একটি গুরুত্বপূর্ণ উপায়, এবং নতুন এই জনসচেতনতা ক্যাম্পেইনটি নিউ ইয়র্কবাসীদেরকে উপলভ্য চিকিৎসা বিকল্পগুলির ব্যাপারে তথ্য প্রদান করে।"

**স্টেটের স্বাস্থ্য কমিশনার ডাঃ ম্যারি টি. ব্যাসেট বলেন,** "পরীক্ষায় পজিটিভ ফল পাওয়া পর যত দ্রুত চিকিৎসা শুরু করা যায়, যখন হ্রাস করতে এবং আরো মারাত্মক অসুস্থতা প্রতিরোধে তা আরো ভালো কাজ করে। নতুন জনসচেতনতা ক্যাম্পেইনটি সকল নিউ ইয়র্কবাসীদের জন্য লক্ষণ দেখা দিলেই পরীক্ষা করানোর প্রয়োজনের ব্যাপারে এবং চিকিৎসার কোন বিকল্পটি সেরা

জানার জন্য সাথে সাথে নিজেদের স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করার ব্যাপারে একটি গুরুত্বপূর্ণ বার্তা প্রদান করে। টিকা ও বুস্টার গ্রহণ এখনো কোভিড-19 এর বিরুদ্ধে সেরা সুরক্ষা।"

ক্যাম্পেইনটিতে রয়েছে কোভিড-19 চিকিৎসা বিকল্পসমূহ নিয়ে সংস্থানের লিঙ্ক, যা আছে স্টেটের স্বাস্থ্য ডিপার্টমেন্টের (Health Department) ওয়েবসাইটে [health.ny.gov/CovidTreatment](https://health.ny.gov/CovidTreatment) এখানে। বহু প্ল্যাটফর্মের বিজ্ঞাপনগুলি কোভিড-19 পরীক্ষায় পজিটিভ হওয়া এবং লক্ষণ থাকা নিউ ইয়র্কবাসীদের তাদের চিকিৎসার বিকল্পসমূহ নিয়ে নিজেদের স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে কথা বলতে উৎসাহিত করে। বিজ্ঞাপনগুলি 2022 সালের আগস্ট পর্যন্ত টিভি, রেডিও এবং ডিজিটাল মিডিয়ায় চলবে।

নতুন টেলিভিশন বিজ্ঞাপনটি ইংরেজি ও স্প্যানিশ উভয় ভাষায় দেখা যাবে এখানে:

- 30-সেকেন্ডের ইংরেজি ভাষার [সংস্করণ](#)।
- 30-সেকেন্ডের স্প্যানিশ ভাষার [সংস্করণ](#)।

নিচে 30 সেকেন্ডের অ্যানিমেটেড ভিডিও বিজ্ঞাপনের স্ক্রিপ্ট দেওয়া হলো:

আপনি যদি কোভিড-19 পরীক্ষায় পজিটিভ হন এবং যদি লক্ষণ থাকে, আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীকে প্রশ্ন করুন বিনামূল্যের চিকিৎসা আপনার জন্য যথাযথ কিনা। দেরি করবেন না। আপনি যত দ্রুত চিকিৎসা শুরু করবেন তা তত ভালো কাজ করবে। টিকা ও বুস্টার গ্রহণ এখনো কোভিড-19 এর বিরুদ্ধে সেরা সুরক্ষা। কিন্তু যদি আপনি অসুস্থ হন, বাড়িতে থাকুন। এবং যদি আপনার পরীক্ষায় পজিটিভ আসে, তাহলে অবিলম্বে আপনার চিকিৎসার বিকল্প নিয়ে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে কথা বলুন। আগে আগে পরীক্ষা করান। আগে আগে পরীক্ষা করান। আরো জানুন [health.ny.gov/CovidTreatment](https://health.ny.gov/CovidTreatment) এখানে।

এই ঘোষণাটি গভর্নর গতকাল যে [নতুন একটি বিনামূল্যের হটলাইন](#) শুরু করার ঘোষণা করেছেন তার অনুবর্তী, হটলাইনটি তাদের জন্য যাদের কোভিড-19 পরীক্ষায় পজিটিভ ফলাফল এসেছে কিন্তু যাদের কোনো স্বাস্থ্যসেবা প্রদানকারী নেই, এটি মহামারী চলাকালীন সময়ে নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখতে প্রশাসনের চলমান প্রচেষ্টাসমূহের একটি অংশ। আয় বা স্বাস্থ্য বিমার কভারেজ নির্বিশেষে কোভিড-19 পরীক্ষায় পজিটিভ ফলাফল পাওয়া নিউ ইয়র্ক সিটির বাইরের সব নিউ ইয়র্কবাসী 888-TREAT-NY (888-873-2869) নম্বরে ফোন করে অথবা NYS কোভিড-19 এক্সপ্রেস-কেয়ার থেরাপিউটিকস অ্যাক্সেস (COVID-19 ExpressCare Therapeutics Access) ওয়েবসাইটে একটি মূল্যায়ন সম্পন্ন করে চিকিৎসা গ্রহণের জন্য বিবেচিত হওয়ার যোগ্য হবেন, যার মধ্যে একটি টেলিমেডিসিন ভিজিটও অন্তর্ভুক্ত রয়েছে। নিউ ইয়র্ক সিটির অধিবাসীদের 212-COVID-19 নম্বরে ফোন করতে হবে।

নিউ ইয়র্কের কোভিড-19 সাডাদানের ব্যাপারে আরো তথ্য জানতে [নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য ডিপার্টমেন্টের ওয়েবসাইট](#) ভিজিট করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418